

অপরাধী ২ ফানুশ লিরিক্স:-

বন্ধু আমার পরের তরে মন বান্ধিলো হয়
আমি কি করে ফেরাইব তরে আমার অন্তরায়,
কার হাতে সেই লাটাই সুতো ঘুড়িটা আজ কার?
আমার আকাশ শূন্য ভীষণ মেঘময় মায়ায়। (২)

তুমি না হয় তোমার মত হারায় গেলা রে
এখন এই ছেলেটা থাকবে ভালো ভাবলে কেমনে ?
তুমি স্বপ্নের ঘোরে আর আইসো না,
আর আইসো না রে,
ঘুমে ঘুমে কানতে আর ভালাগেনা রে ..
উইড়া গেলো রে, সে উইড়া গেলো রে
যেই মেয়েটা রাখত মায়া চোখের কাজলে।
তুই কার আকাশে আজ ফানুশ হইয়া রে,
রঙ-বেরঙের আলো ছড়াস মায়া দিয়া রে?

যেদিন ইন্সটাগ্রামে কমাইছিলো একটা ফলোয়ার
সেদিন থেকে হাসিমুখের ছবি নাই আমার,
তোমার ফেসবুকের ওই কভার টা তে
হাসি মুখটা কার ?
আমার হাসি কেড়ে তুমি সুখেতে ছারখার। (২)

আজও লাভ রিয়াক্টে খুঁজো কি আর
আমার আইডি টা ?
নাকি ব্লক লিস্ট এই মানায় আমার
নষ্ট প্রোফাইল টা ?
তুমি রেগে গেলে রাগ ভাঙ্গতে গান শোনায় কে?
শুধু আমি একজন যে তোমাকে ভালবেসেছে।
উইড়া গেলো রে, সে উইড়া গেলো রে
যেই মেয়েটা রাখত মায়া চোখের কাজলে।
তুই কার আকাশে আজ ফানুশ হইয়া রে,
রঙ-বেরঙের আলো ছড়াস মায়া দিয়া রে?

আইজ আমি রিকশায় বসে পাশের সিটে
কারে খুঁজে যাই,
আমি কার কে বা আমার হিসাব রে মেলাই,
চাইলেই কি তোমার মত কাউরে পাওয়া যায়
তোমার জন্য মায়া আমার আইজও কমে নাই।
আমি রিকশায় বসে পাশের সিটে কারে খুঁজে যাই
আমি কার কে বা আমার হিসাব রে মেলাই,
চাইলেই কি তোমার মত কাউরে পাওয়া যায়
তোমার জন্য মায়া আমার আইজও কমে নাই।

তুমি আজ সাজতে বসো কে আসবে বলে ?
তোমার আয়না টা কি ভাবায় আমায় তুমি তাকালে?
হারিয়ে যাওয়ার পরেও কি আর একটু খুঁজো নাই?
একদিন বুঝবে ঠিকই দেখবে সেদিন
এই আমি আর নাই।

উইড়া গেল রে, সে উইড়া গেল রে

যেই মেয়েটা রাখত মায়া চোখের কাজলে,
তুই কার আকাশে আজ ফানুশ হইয়া রে
রঙ-বেরঙের আলো ছড়াস মায়া দিয়া রে। (২)
তুই কার আকাশে আজ ফানুশ হইয়া রে,
রঙ-বেরঙের আলো ছড়াস মায়া দিয়া রে?